আলমডাঙ্গায় পূর্বাশা পরিবহনের সুপারভাইজারের বিরুদ্ধে গরু বিক্রয়ের টাকা ছিনতাই এর অভিযোগ

গরু বিক্রি করে ঢাকা থেকে বাড়ি ফেরার পথে পূর্বাশা পরিবহনের এসি বাসে টাকা ছিনতাই এর অভিযোগ উঠেছে সুপার ভাইজার নাজমুলের বিরুদ্ধে। গতকাল রবিবার এ ঘটনাটি ঘটেছে।

ছিনতাই এর কবলে পড়া আলমডাঙ্গা বেলগাছি গ্রামের আব্দুল মান্নানের ছেলে আলাউদ্দিন(৩২) বাকের আলির ছেলে মান্নান (৬৫) তার ছেলে নফর (৩৩)।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি মালিথাপাড়া গ্রামের আব্দুল মান্নানের ছেলে আলাউদ্দিন (৩২), বাকের আলির ছেলে মান্নান(৬৫) ও তার ছেলে নফর (৩৩)। গত বৃহস্পতিবার ২ টি গরু নিয়ে ঢাকায় পাড়ি জমায়।

রবিবার সকালে ২টি গরু তারা ৩ লক্ষ ৪৮ হাজার টাকায় বিক্রয় করে। গরু বিক্রয় করে আলমডাঙ্গার উদ্দেশ্যে আসার জন্য গাবতলি বাসস্টান্ডে যায়। তারা, চুয়াডাঙ্গা পর্যন্ত আসার জন্য পূর্বাশার এসি বাসের ৩টি টিকিট ক্রয় করে। গাবতলি থেকে ছেড়ে আসার মুহুর্তে তারা পূর্বে তারা সুস্থ থাকলেও গাড়ির মধ্যে ঢুকে অসুস্থ হয়ে পড়ে।

পরবর্তীতে তাদের বাসটি মধুখালি পৌঁছালে আলাউদ্দিন ও নফরের নিকট সেপ্টি প্যান্টের মধ্য দিয়ে ২ লক্ষ ৭৪ হাজার টাকা ছিনতাই হয়ে যায়। ছিনতাই এর অভিযোগ তোলেন পূর্বাশা পরিবহনের সুপার ভাইজার নাজমুলের বিরুদ্ধে।
এ বিষয়ে আলাউদ্দিন জানান, আমরা গরু বিক্রয় করে ৩ জনের নিকট ৩ লক্ষ ৪৮ হাজার টাকা ছিলো। গাড়িতে ওঠার সময় আমরা স্বাভাবিক ভাবে বসে ছিলাম।ক্লান্ত শরীরে এসির বাতাসে কখন অজ্ঞান হয়ে পড়েছি বাসের মধ্যে ঠিক পায়নি। যখন মধুখালি থেকে সুপার ভাইজার ডাকলেন হালকা চেতনা হয়ে পকেটে হাত দিয়ে দেখি টাকা নেই। তবে, অচেতন হওয়ার পূর্বে সুপার ভাইজার ২ বার তার নিকট আসে বলে জানান। এছাড়াও, সুপার ভাইজার নিজেই তাদের টাকা ছিনতাই করেছে বলে অভিযোগ করেন।

পূর্বাশা পরিবহনের সুপার ভাইজার নাজমুল বলেন, ৩০ জন যাত্রী নিয়ে ঢাকার গাবতলি থেকে চুয়াডাঙ্গার উদ্দেশ্যে যাত্রা করি। গাড়ি ছাড়া ২০/৩০ মিনিট পরপর আমরা যাত্রী সার্ভিস করি। এর মধ্যে আমি কিংবা অন্য কেউ এমনটা করবে কখনো মানতে পারি না।

কুষ্টিয়ায় আরও ১৪ জনের মৃত্যু

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনা ও এর উপসর্গ নিয়ে আরও অন্তত ১৪ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ১১ জন করোনা ও তিন জনের করোনার উপসর্গ ছিল।

রোববার (১৮ জুলাই) সকাল ৮টা থেকে আজ সোমবার (১৯ জুলাই) সোমবার সকাল ৮টা পর্যন্ত এদের মৃত্যু হয়েছে।

এছাড়া ২৪ ঘণ্টায় আরও ২০৪ জনের করোনা শনাক্ত হয়েছে। নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার গত দিনের চেয়ে বেড়ে ২৮.২৯ শতাংশ হয়েছে।

গত ৭ দিনেই কুষ্টিয়ায় করোনা আক্রান্ত ৭০ জনের মৃত্যু হয়েছে এবং ১ হাজার ৫৮৯ জন করোনায় আক্রান্ত হয়েছে। এ পর্যন্ত শুধু করোনা আক্রান্ত ৪২০ জনের মৃত্যু হলো।

এদিকে কুষ্টিয়া করোনা ডেডিকেডেট জেনারেল হাসপাতালে রোগীর চাপ অব্যাহত আছে।

হাসপাতালর তত্ত্বাবধায়ক ডা. আব্দুল মোমেন জানান, ২শ’ বেডে করোনা ও এর উপসর্গ নিয়ে ভর্তি আছেন ২৫৩ জন। এর মধ্যে করোনা শনাক্ত রোগীই ১৮৩ জন। বাকীরা উপসর্গ নিয়ে ভর্তি আছেন। প্রায় ৭০ শতাংশ রোগীদের অক্সিজেন প্রয়োজন হচ্ছে।

কুষ্টিয়ায় নকল কসমেটিকস কারখানায় অভিযান! ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় গোপন কারখানায় তৈরি হচ্ছে নামি-দামি ব্র্যান্ডের নকল প্রসাধনী। বিদেশি ব্র্যান্ডের কৌটা ও লেবেল হুবহু নকল করে এসব পণ্য বিক্রি হচ্ছে। ক্ষতিকর রাসায়নিক দিয়ে তৈরি এসব নকল প্রসাধনী মানবদেহের জন্য মারাত্মক ক্ষতিকর।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, নকল প্রসাধনীর ব্যবহারে বিভিন্ন ধরনের চর্মরোগের পাশাপাশি ক্যানসারের মতো ভয়ানক ব্যাধিতে মানুষ আক্রান্ত হতে পারে। গত শনিবার রাতে কুষ্টিয়া শহরের কাটাইখানা মোড় এলাকায় অবস্থিত চাঁদের পরী নামক একটি নকল কসমেটিকস কারাখানায় অভিযান চালায় ভ্রাম্যমান আদালত।

অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সবুজ হাসান। তিনি জানান, বিএসটিআই এর লাইসেন্স বিহীন প্রতিষ্ঠানটি বিভিন্ন নামে কসমেটিকস পণ্য সহ বিভিন্ন দেশের নামি-দামী প্রতিষ্ঠানের মোড়কে নকল প্রসাধনী সামগ্রী (৩১ টি পণ্য) উৎপাদন ও গোপনে বাজারজাত করে আসছিলো চাঁদের পরী নামক একটি নকল কসমেটিকস কারাখানা মালিক। এসবের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩, ৫০, ৫২ ও ৫৩ ধারায় প্রতিষ্ঠানটির মালিক মাওলানা ইলিয়াসকে ২ লাখ টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় বিপুল পরিমান কসমেটিকস সামগ্রী ধ্বংস করা হয়।

অভিযান পরিচালনাকালে কোম্পানি কমান্ডার, র্যাব- ১২ কুষ্টিয়া ও তার একদল চৌকস বাহিনী, জেলা স্যানিটারি ইন্সপেক্টর, কুষ্টিয়া সহ আরও অনেকে সার্বিক সহযোগিতা করেন।

মানহীন এসব পণ্য ব্যবহারে চর্মরোগসহ নানা ধরনের শারীরিক জটিলতার শঙ্কা রয়েছে বলে জানিয়ে চর্ম রোগ বিশেষজ্ঞ ডা. মো. আলাউদ্দিন বলেন, নকল প্রসাধনীগুলোয় ইচ্ছেমতো রাসায়নিক ব্যবহার করা হয়। এসব রাসায়নিক বেশিমাত্রায় প্রয়োগের ফলে মানবদেহে ক্যানসার, এলার্জি, ত্বকের প্রদাহ, কিডনির ক্ষতিসহ বিভিন্ন রোগের সৃষ্টি হয়। আর শিশুদের জন্য এসব প্রসাধনীর পার্শ্বপ্রতিক্রিয়া আরও বেশি মারাত্মক। একাধিক চর্ম বিশেষজ্ঞ জানিয়েছেন, তাদের কাছে মুখে

কালো দাগ, র্যাশ, গোটা, লাল হয়ে যাওয়া, এলার্জি ইত্যাদি নিয়ে রোগী বেশি আসেন।

দীর্ঘদিন ভেজাল প্রসাধনী ব্যবহারের কারণেই ত্বকে এ ধরনের ক্ষতি হচ্ছে। তবে অভিযোগ রয়েছে, অবৈধ এই ব্যবসা টিকিয়ে রাখতে সাহায্য করছেন স্থানীয় প্রভাবশালীরা। এতে অন্যান্য ক্ষতির সঙ্গে প্রতি বছর বিপুল পরিমান টাকা রাজস্বও হারাচ্ছে সরকার।

হাসাদহ প্রেসক্লাব ও সাহিত্য পরিষদের উদ্যোগে জীবননগরে নবাগত ইউএনওকে ফুলেল শুভেচ্ছা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার নবাগত ইউএনও আরিফুল ইসলামকে রোববার সকাল সাড়ে দশটার সময় হাসাদহ প্রেসক্লাব ও হাসাদহ সাহিত্য পরিষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে ।

এসময় হাসাদহ প্রেসক্লাবের পক্ষ ফুল দিয়ে শুভেচ্ছা জানান প্রেস ক্লাব সভাপতি ডিএম মতিয়ার রহমান। এ সময় উপস্থিত ছিলেন, সাংবাদিক আতিয়ার রহমান,কবির আহম্মেদ,বদরুজ্জামান শ্যামল,আল-আমিন,সুমি প্রধান,আব্বাস উদ্দিন,তাহসান হাবিব শাহজান,এম সবুর আহমেদ,মোতালেব হোসেন,ফটো সাংবাদিক আতিয়ার রহমান প্রমুখ।

একই সময়ে হাসাদহ সাহিত্য পরিষদের পক্ষে নবাগত ইউএনও আরিফুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানান সাহিত্য পরিষদের সাধারন সম্পাদক মোতালেব হোসেন ও সাংবাদিক আতিয়ার রহমানসহ সাহিত্য পরিষদের সদস্যরা।

এসময় নবাগত ইউএনও আরিফুল ইসলাম বলেন,উপজেলার উন্নয়নে সবাই এক সাথে মিলে কাজ করতে হবে।

ঈদুল আযহা উপলক্ষে মহারাজপুর ইউনিয়ন পরিষদে চাল বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়ন পরিষদে রবিবার সকাল ১০ঘটিকার সময় মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার করোনা ভাইরাস ঘটিত লকডাউন ও শাটডাউনে ঘরবন্ধী দুস্থ ও অসহায় খেটে খাওয়া মানুষের হাতে ভি জি এফ ১০ কেজি চাউল তুলে দেন।

চাউল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চেয়ারম্যান মোঃ খুরশিদ আলম, ট্যাগ অফিসার ঝিনাইদহ পরিসংখ্যান অফিসের ওয়ালিউর রহমান, সচিব মোঃ শহিদুল ইসলাম ও মেম্বারগন কৃষক লীগ, যুবলীগ ছাত্রলীগসহ আরও অনেকে। বাংলার অবহেলিত পরিবার গুলো দুবেলা দুমুঠো খেতে পারে। কোনো মানুষকে এখন আর না খেয়ে থাকতে হয় না।

সবার কন্ঠে বাঁজে শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুধা হবে নিরুদ্দেশ। ৭নং মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া এই করোনাকালীন ও লকডাউন এর সময় অসহায় ও গরিব মানুষের ঘরে ঘরে খাদ্যদ্রব্য পৌঁছিয়ে দেন এবং তার ইউনিয়নের করোনা আক্রান্ত সকল মানুষের খোঁজ খবর রাখেন ।

কালীগঞ্জ পৌর বিএনপি’র উদ্যেগে মাস্ক বিতরণ

মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেছে কালীগঞ্জ পৌর বিএনপি। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বি এনপির মনোনীত প্রার্থী সাইফুল ইসলাম ফিরোজ এর সার্বিক তত্বাবধানে পৌর বিএনপির নেতৃবৃন্দ এই মাস্ক বিতরন করেন।

রবিবার বিকালে শহরের থানা রোডস্হ দলীয় কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়কে নানা শ্রেণী পেশার মানুষের মাঝে মাস্ক পরিয়ে দেন পৌর বি এনপির নেতৃবৃন্দ। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বি এনপির আহ্বায়ক আলহাজ্ব মাহাবুবার রহমান, যুগ্ম আহ্বায়ক তবিবুর রহমান মিনি,শহিদুল ইসলাম সাইদুল, ইলিয়াস রহমান মিঠু, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক নজরুল ইসলাম তোতা,যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন, জবেদ আলী, পৌর যুবদলের সদস্য সচিব জাহিদ হোসেন, যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ,ফারুক হোসেন, আহসান হাবীব হাসান,পৌর ছাত্র দলের সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ইয়ারুল ইসলাম, আশরাফুল ইসলাম নিরব,টিটন রহমান,পৌর তাতীদলের আহ্বায়ক রবিউল ইসলাম রবি,পৌর মৎস্যজীবি দলের আহ্বায়ক নাজমুল কবির রিপন প্রমুখ। এসময় সাইফুল ইসলাম ফিরোজ করোনা ভাইরাস মোকাবেলায় দলীয় নেতৃবৃন্দের জনসাধারণের পাশে থাকার আহ্বান জানান।

গাংনীতে প্রধানমন্ত্রীর প্রদানকৃত অর্থের চেক বিতরণ করেন এমপি সাহিদুজ্হামান খোকন

বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত চিকিৎসা অনুদানের অর্থের চেক বিতরণ করেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

রবিবার সকালে এমপি খোকনের নিজ বাসভবনে অনুদানের চেক বিতরণ করা হয়। চিকিৎসার জন্য আবেদনের প্রেক্ষিতে গাংনী উপজেলার ১৩ জন অসহায় বিভিন্ন রোগে আক্রান্ত ব্যাক্তিদের হাতে ৪ লাখ ১০ হাজার টাকার চেক বিতরণ করেন।

একই সাথে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে গাংনী উপজেলার তিনটি মসজিদ ও একটি মন্দির উন্নয়নের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের প্রধানের হাতে চেক তুলে দেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন ।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমসহ স্থানীয় সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ছয়ঘড়িয়া গ্রামে আলোচিত হত্যাকাণ্ডে গ্রেফতার-৩

চুয়াডাঙ্গায় আলোচিত ছয়ঘরিয়া গ্রামে পার্শ্ববর্তী দর্শনা থানাধীন নুরুল্লাপুর গ্রামের জাহাঙ্গীর হত্যাকাণ্ডের প্রধান আসামি মমিন, জিসান ও লিমন ওরফে লিওন কে গ্রেপ্তার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ। রবিবার চুয়াডাঙ্গা সদর উপজেলার নুরনগর মুন্না মোড় এলাকা থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।
গত ২৫ শে মার্চ বেলা দেড়টায় সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন শংকরচন্দ্র ইউনিয়নস্থ ছয়ঘরিয়া গ্রামের সরকারি ওয়াবদা নিয়ন্ত্রিত একটি বালুমহালে দু’টি গ্রুপের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ঘটনাস্থলের পার্শ্ববর্তী দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের আওয়ামী লীগ নেতা শুকুর আলীর সমর্থক স্থানীয় আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর আলী কে ছয়ঘরিয়া বালুমহালে একা পেয়ে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের এর একদল উগ্রপন্থী বিপথগামী সমর্থক লোহার রড, লাঠিসোটা দিয়ে নৃশংসভাবে মারপিট করে গুরুতর জখম করে।

ঐ দিনই তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করলে, ঐ দিনই বিকাল সাড়ে চারটার সময় চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। ২৫ শে মার্চ রাতেই চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহ্বায়ক নঈম হাসান জোয়ার্দ্দারকে এজাহারনামীয় এক নম্বর আসামি করে ছয়ঘরিয়া গ্রামের মমিন, জিসান, লিমন ওরফে লিওন সহ সর্বমোট ১১ জনকে এজাহারনামীয় আসামি দিয়ে জাহাঙ্গীরের পিতা রঞ্জিত মল্লিক বাদী হয়ে মামলা করেন। তদন্তের প্রাথমিক পর্যায়ে ধারণা করা হচ্ছে যে, চুয়াডাঙ্গা সদর থানাধীন ছয়ঘরিয়া গ্রামে ওয়াবদা নিয়ন্ত্রিত একটি বালিমহালে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এবং সর্বশেষ বাংলাদেশ আওয়ামী লীগ তথা চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের অঙ্গ সংগঠন জেলা যুবলীগ ও

স্থানীয় আওয়ামী লীগের কতিপয় নেতা কর্মীদের মধ্যে পরস্পর বিদ্যমান গ্রুপিং রাজনীতির ফলশ্রুতিতে এ ধরনের একটি হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে।
মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই ভবতোষ রায় তদন্তকালে মামলার ঘটনায় জড়িত প্রধান আসামি ১। মমিন (৩২) পিতা আনাস উদ্দিন ২। জিসান
(২৮) পিতা মোঃ কামাল হোসেন ওরফে লিটু ৩। লিমন ওরফে লিয়ন (২৫) পিতা আব্দুস সামাদ সর্ব সাং◌ঃ ছয়ঘরিয়া থানা ও জেলাঃ চুয়াডাঙ্গা দের এক গোপন সংবাদের প্রেক্ষিতে গতকাল রবিবার সকাল সাড়ে ছয় টার সময় চুয়াডাঙ্গা পৌরসভাধীন মুন্নার মোড় এলাকা থেকে গ্রেপ্তার করেন। চুয়াডাঙ্গার আলোচিত এই জাহাঙ্গীর হত্যাকাণ্ডের ঘটনায় সর্বমোট সাতজনকে গ্রেফতার করা হলো। গ্রেপ্তারকৃত আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে আরও ৫৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে ৫৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৩ জন, গাংনীতে ২২ জন, মুজিবনগর ১১ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৮৭টি। তারমধ্যে ৫৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৮৪ জন। তার মধ্যে সদরে ২০৬ জন, গাংনীতে ৪৮২ জন এবং মুজিবনগরে ৯৬ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৯৬ জন । মৃতদের মধ্যে সদরে ৪১ জন, গাংনী ৩৫ জন ও মুজিবনগরে ২০ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

[redacted]

[redacted]